# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর : রাশিবো/উমা/পনি- ২২৫ তারিখ : ৩০/০৩/২০২২ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার নতুন কেন্দ্র স্থাপন এবং কেন্দ্র পরিবর্তনের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আগামী **১১/০৪/২০২২** তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী বরাবর আবেদন করতে হবে।

১. প্রস্তাবিত কেন্দ্রের অধ্যক্ষ নিজস্ব লেটারহেড প্যাডে আবেদন করবেন।

২. নতুন কেন্দ্র স্থাপনের জন্য আবেদনে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) এবং কেন্দ্র পরিবর্তনের জন্য ২০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) ফিস সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে। সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার রশিদ আবেদনের সংগে সংযুক্ত করতে হবে ।

৩. যে সকল প্রতিষ্ঠান এম পি ও ভূক্ত নয় এবং ভাড়া বাড়ীতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে কেন্দ্রের জন্য তাদের আবেদন করার প্রয়োজন নেই।

৪. রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে নতুন কেন্দ্র স্থাপন, কেন্দ্র পরিবর্তনের ছক ডাউনলোড করে পূরণকৃত ছক আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

৫. সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন জেলা প্রশাসকের মাধ্যমে রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট যথাসময়ে প্রেরণ করতে হবে।

৬. প্রস্তাবিত কেন্দ্রটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর অনুমোদন পেলে পরবর্তী যে সকল শিক্ষা প্রতিষ্ঠান উক্ত কেন্দ্রের অধীনে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক সে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে সম্ভাব্য পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখ পূর্বক সুস্পষ্ট ঘোষনাসহ প্রদত্ত সম্মতিপত্রের মূলকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

ক. ইতঃপূর্বে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এইচ, এস, সি পরীক্ষা-২০২১ সালের নতুন কেন্দ্র স্থাপন, কেন্দ্র পরিবর্তনের জন্য আবেদন করেছেন তাদেরকে নির্ধারিত ছক অনুযায়ী পুনরায় আবেদন করতে হবে।

খ. নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

গ. অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।

দৃষ্টি আকর্ষণ:
অধ্যক্ষ
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী- এর আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান ।

৩০/৩/22

(মোঃ আরিফুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

# কেন্দ্র স্থাপনের নীতিমালা ও ভাল ফলাফলের জন্য প্রতিষ্ঠানের করনীয়

## প্রকাশকাল - ২০২২

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

## নতুন কেন্দ্র স্থাপনের পরিদর্শন প্রতিবেদন

প্রস্তাবিত নতুন কেন্দ্রের আবেদনের সাথে নিম্নেবর্ণিত তথ্যাদি সম্বলিত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা/তাঁর মনোনীত প্রতিনিধির পরিদর্শন প্রতিবেদন ছক ঃ

১. প্রস্তাবিত কেন্দ্রের নাম ও ঠিকানা ঃ

(ক)

| বিদ্যালয়/কলেজের নাম ও কোড | ঠিকানা | EIIN No. | টেলিফোন ও মোবাইল নম্বর |
|---|---|---|---|
| | | | |

(খ)

| ডাকঘর | উপজেলা | জেলা | ওয়েব ঠিকানা | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|
| | | | | |

২. কেন্দ্রে পরীক্ষার্থীর ধারন ক্ষমতা ঃ--------------------জন

৩. বেঞ্চের সংখ্যা ঃ

| ৬ ফুট বেঞ্চ | ৬ ফুটের কম বেঞ্চ | ডেস্ক টেবিল |
|---|---|---|
| | | |

৪. পরীক্ষা কক্ষের সংখ্যা ঃ

| পাকা | আধা পাকা | টিনসেড |
|---|---|---|
| | | |

৫. বিজ্ঞানাগার ঃ (ব্যবহারিক যন্ত্রপাতির তালিকা এতদসহ সংযুক্ত করতে হবে) ঃ

| বিষয়ের নাম | পদার্থ | রসায়ন | জীববিজ্ঞান | উচ্চতর গণিত/গণিত | কম্পিউটার শিক্ষা/কর্মমুখী শিক্ষা | কৃষিশিক্ষা/গার্হস্থ্য অর্থনীতি | ভূগোল |
|---|---|---|---|---|---|---|---|
| এস এস সি | | | | | | | |
| এইচ এস সি | | | | | | | |

৬. পরীক্ষা নিয়ন্ত্রক কক্ষ ঃ

| পাকা | আধা পাকা | টিন সেড |
|---|---|---|
| | | |

৭. সীমানা প্রাচীর ঃ

| পাকা | আধা পাকা | টিন শেড | কাঁটা তার |
|---|---|---|---|
| | | | |

৮. ছাত্র/ছাত্রীর সংখ্যা ঃ

| অষ্টম শ্রেণি | নবম শ্রেণি | দশম শ্রেণি | একাদশ শ্রেণি | দ্বাদশ শ্রেণি | অন্যান্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৯. এ বছরে পরীক্ষার্থীর সংখ্যা ঃ

| পরীক্ষার নাম | বিজ্ঞান | মানবিক | ব্যবসায় শিক্ষা | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|
| এস এস সি | | | | | |
| এইচ এস সি | | | | | |

১০. শিক্ষকের সংখ্যা ঃ ------------------------------------ জন ।

১১. নিকটবর্তী কেন্দ্র সমূহের নাম ( দূরত্ব সহ) ঃ

| ক্রমিক নং | দিক | স্কুল/কলেজের নাম ও কোড | ২০২১ সালের কেন্দ্র কোড | দূরত্ব(কি.মি.) |
|---|---|---|---|---|
| ১. | উত্তর | | | |
| ২. | দক্ষিণ | | | |
| ৩. | পূর্ব | | | |
| ৪. | পশ্চিম | | | |

১২. প্রস্তাবিত নতুন কেন্দ্র(স্কুল/কলেজ) যে কেন্দ্রের অধীনে পরীক্ষায় অংশগ্রহণ করে ঃ

| ক্রমিক নং | কেন্দ্রের নাম | ২০২১ সালের কেন্দ্র কোড | শিক্ষা প্রতিষ্ঠান হতে কেন্দ্রের দূরত্ব |
|---|---|---|---|
| | | | |

১৩. প্রস্তাবিত কেন্দ্রের অধীনে পরীক্ষা দিতে ইচ্ছুক নিকটবর্তী স্কুল/কলেজ সমূহের দূরত্ব ও পরীক্ষার্থীর সংখ্যা ঃ

| ক্রমিক নং | স্কুল/কলেজের নাম ও কোড | দূরত্ব( কি. মি.) | পরীক্ষার্থীর সংখ্যা | EIIN No. |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | | | | |
| ৪. | | | | |
| ৫. | | | | |
| ৬. | | | | |
| ৭. | | | | |
| ৮. | | | | |

১৪. নিকটবর্তী থানা/পুলিশ ফাঁড়ি/ব্যাংকের দূরত্ব সহ নাম ঃ

| ক্রমিক নং | থানা/পুলিশ ফাঁড়ি/ব্যাংকের নাম | দূরত্ব (কি. মি.) |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |
| ৩. | | |
| ৪. | | |
| ৫. | | |

১৫.　বিদ্যুৎ ব্যবস্থা ঃ ☐ আছে ☐ নাই

১৬.　যোগাযোগ ব্যবস্থা ঃ

১৭.　জেলা সদর/উপজেলা সদর থেকে দূরত্ব ঃ ---------------------- কি. মি.

১৮.　পরিদর্শনকারী কর্মকর্তার মন্তব্য ঃ

-----------------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------

তারিখ ঃ

পরিদর্শনকারী কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সীল
মোবাইল নং-

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

### উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার কেন্দ্র পরিবর্তনের জন্য আবেদন ঃ

০১.(ক)

| কলেজের নাম ও কোড | ঠিকানা | EIIN No. | টেলিফোন ও মোবাইল নং |
|---|---|---|---|
| | | | |

(খ)

| ডাকঘর | উপজেলা | জেলা | ওয়েব ঠিকানা | ই মেইল ঠিকানা |
|---|---|---|---|---|
| | | | | |

০২. বর্তমানে যে কেন্দ্রের আওতাধীন উক্ত কেন্দ্রের তথ্য ঃ

| ক্রমিক নং | কেন্দ্রের নাম ও কোড | ২০২১ সালের কেন্দ্র কোড | শিক্ষা প্রতিষ্ঠান হতে কেন্দ্রের দূরত্ব (কি. মি.) |
|---|---|---|---|
| ১. | | | |

০৩. যে সব কেন্দ্রে পরীক্ষা দিতে উচ্ছুক সেসব কেন্দ্রের তথ্য ঃ

| ক্রমিক নং | কেন্দ্রের নাম ও কোড | ২০২১ সালের কেন্দ্র কোড | শিক্ষা প্রতিষ্ঠান হতে কেন্দ্রের দূরত্ব (কি. মি.) |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |

০৪. এ বছরে এইচ এস সি পরীক্ষার্থীর সংখ্যা ঃ

| বিজ্ঞান | মানবিক | ব্যবসায় শিক্ষা | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|
| | | | | |

০৫. কেন্দ্র পরিবর্তনের যৌক্তিক কারণ ঃ

০৬. বর্তমান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার অনাপত্তি ঃ

০৭. যে কেন্দ্রে পরীক্ষা দিতে উচ্ছুক উক্ত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার অনাপত্তি ঃ

তারিখ ঃ

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নাম, স্বাক্ষর ও সীল
মোবাইল নং-

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## কেন্দ্র স্থাপনের নীতিমালা

১. যে প্রতিষ্ঠান কেন্দ্র নিতে আগ্রহী সে প্রতিষ্ঠানের প্রধান নিজস্ব প্যাডে কেন্দ্র স্থাপনের যৌক্তিকতা ব্যাখ্যাসহ আবেদন করবেন। প্রস্তাবিত নতুন কেন্দ্রের আবেদনের সংগে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/তাঁর মনোনীত প্রতিনিধির পরিদর্শন প্রতিবেদন সংযুক্ত করতে হবে।

২. আবেদনকারী প্রতিষ্ঠানে যে সব প্রতিষ্ঠান পরীক্ষা দিতে আগ্রহী সে সব প্রতিষ্ঠানের প্রধানগণ তাঁদের নিজস্ব প্যাডে মোবাইল নম্বর উল্লেখ করে সম্মতিপত্র প্রদান করবেন ।

৩. যে প্রতিষ্ঠান কেন্দ্রের জন্য আবেদন করবে সে প্রতিষ্ঠান থেকে প্রস্তাবিত কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠান সমূহের উপজেলা নির্বাহী অফিসারের দেয় দূরত্ব সনদসহ ভৌগলিক মানচিত্র দাখিল করতে হবে।

৪. কেন্দ্র প্রতিষ্ঠানের বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা কমপক্ষে ৫০০(পাঁচশত) জন হতে হবে এবং যে পাবলিক পরীক্ষার কেন্দ্র নিতে আগ্রহী সে শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা কমপক্ষে ১০০(একশত) জন হতে হবে এবং এস এস সি ও এইচ এস সি পরীক্ষার ক্ষেত্রে বিজ্ঞানাগার থাকতে হবে।

৫. প্রস্তাবিত কেন্দ্রে অবশ্যই ইন্টারনেট সংযোগ সহ প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ ব্যবহারকারী শিক্ষক অবশ্যই থাকতে হবে।

৬. প্রশ্নপত্র/লিখিত উত্তরপত্র নিরাপদ হেফাজতে সংরক্ষণ করবে এমন প্রতিষ্ঠানের( ট্রেজারী/থানা/ব্যাংক) সম্মতিপত্র আবেদনপত্রের সংগে সংযুক্ত করতে হবে।

৭. কেন্দ্র হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা কোনক্রমেই নিজ প্রতিষ্ঠানে/নিজস্ব কেন্দ্রের তত্ত্বাবধানে পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে না।

৮. কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা আসন সংখ্যার অতিরিক্ত হলে পার্শ্ববর্তী প্রতিষ্ঠানকে কক্ষ হিসেবে ব্যবহারের অনুমতি পরীক্ষা শুরুর পূর্বেই পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর হতে সংগ্রহ করতে হবে।

৯. পরীক্ষা পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক দক্ষ শিক্ষক থাকতে হবে।

১০. পরীক্ষা পরিচালনা ও অব্যবহৃত উত্তরপত্র এবং গোপনীয় কাগজপত্র নিরাপদে সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।

১১. পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ করা সম্ভব নয় এরূপ প্রতিষ্ঠান কেন্দ্রের জন্য আবেদন করতে পারবে না।

১২. কেন্দ্র প্রতিষ্ঠানের পাবলিক পরীক্ষার ফল আওতাধীন প্রতিষ্ঠানগুলোর চেয়ে ভালো হতে হবে।

১৩. কেন্দ্র হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানটিকে শিক্ষা বোর্ড কর্তৃক অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।

১৪. কেন্দ্র হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানটি অন্য প্রতিষ্ঠান হতে আসবাবপত্র/বৈজ্ঞানিক যন্ত্রপাতি আনয়ন করে সে প্রতিষ্ঠানের শিক্ষা কার্য্যক্রম ব্যাহত করতে পারবে না।

১৫. কেন্দ্র স্থাপনের পরিদর্শন প্রতিবেদন ও প্রতিষ্ঠানের আবেদনটি জেলা প্রশাসক মহোদয়ের সুপারিশকৃত হতে হবে অন্যথায় আবেদনপত্রটি বিবেচ্য নহে।

১৬. দূরবর্তী স্থান থেকে আগত পরীক্ষার্থীদের আবাসনের সুবিধা থাকতে হবে ।

১৭. পরীক্ষা কেন্দ্রের কক্ষগুলোতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা থাকতে হবে।

১৮. পরীক্ষা কেন্দ্রের কক্ষগুলোতে দেওয়াল ঘড়ি লাগাতে হবে।

১৯. সুউচ্চ সীমানা প্রাচীর থাকতে হবে।

২০. প্রয়োজনীয় সংখ্যক ৬ ফুটের বেঞ্চ থাকতে হবে এবং কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা কমপক্ষে ৪০০(চারশত) জন হতে হবে।

২১. ভালো যোগাযোগ ব্যবস্থা থাকতে হবে।

২২. পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নিয়মাবলী মেনে চলতে হবে।

২৩. যে কোন ধরনের অপ্রীতিকর ঘটনার জন্য শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কেন্দ্র বাতিল করার ক্ষমতা রাখে এবং উক্ত ঘটনা বা অন্য কোন অব্যবস্থাপনার জন্য কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা একক ভাবে দায়ী থাকবেন

২৪. সুষ্ঠু, স্বাভাবিক ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের নিশ্চয়তা প্রদানের অংগীকারনামা দিতে হবে।

২৫. কেন্দ্র হিসেবে স্বীকৃত প্রতিষ্ঠানটি পরীক্ষার্থীদের প্রতি নিয়মের পরিপন্থি/অনৈতিক কোন আচরণ প্রদর্শন করতে পারবে না।

২৬. কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠান এবং পার্শ্ববর্তী কেন্দ্রের প্রতিষ্ঠানগুলোর মধ্যে সুসম্পর্ক স্থাপন বাঞ্ছনীয়। কোন পক্ষের অসচেতনতার জন্য যেন কোনক্রমেই পরীক্ষার্থীরা ক্ষতিগ্রস্থ না হয়।

২৭. জেলা প্রশাসকের সুপারিশসহ এস এস সি পরীক্ষার কেন্দ্র স্থাপন/কেন্দ্র পরিবর্তনের জন্য আবেদন পরীক্ষার পূর্ববর্তী বছরে ৩১ অক্টোবর এর মধ্যে দাখিল করতে হবে। এরপর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

২৮. জেলা প্রশাসকের সুপারিশসহ এইচ এস সি পরীক্ষার কেন্দ্র স্থাপন/কেন্দ্র পরিবর্তনের জন্য আবেদন পরীক্ষার পূর্ববর্তী বছরে ১৫ ডিসেম্বর এর মধ্যে দাখিল করতে হবে। এ বছরের জন্য ১১/০৪/২০২২ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে। এরপর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

২৯. কোন প্রতিষ্ঠান বৈধ কারণে কেন্দ্র পরিবর্তনের আগ্রহী হলে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সুপারিশসহ কেন্দ্র পরিবর্তনের আবেদন ২৬, ২৭, ২৮ ক্রমিকে বর্ণিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

৩০. রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ যে কোন প্রতিষ্ঠানকে যে কোন কেন্দ্রে অন্তর্ভূক্ত করতে পারবে।

৩১. নতুন প্রতিষ্ঠানসমূহ কেন্দ্রে সংযুক্তির জন্য নীতিমালায় উল্লিখিত নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৩২. কেন্দ্র স্থাপন, কেন্দ্র পরিবর্তন ও কেন্দ্রে সংযুক্তির ক্ষেত্রে কোনক্রমেই পূর্ববর্তী বছরের আবেদনপত্র পরবর্তী বছরের জন্য বিবেচ্য হবে না।


প্রফেসর মো. হাবিবুর রহমান
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন ০৭২১-৭৭৬২৭০
Email: chairman@rajshahieducationboard.gov.bd

মোঃ আরিফুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন ০৭২১-৭৭৬২৩১
email: controller@rajshahieducationboard.gov.bd

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

**জে,এস সি/এস এস সি/এইচ,এস,সি পরীক্ষা নকলমুক্ত পরিবেশে গ্রহণ ও শিক্ষার্থীর ভাল ফল এবং নৈতিক মান উন্নয়নে প্রতিষ্ঠানের করনীয়**

০১. দুর্বল শিক্ষার্থীদের চিহ্নিত করে অতিরিক্ত ক্লাশ নিয়ে ভাল ফল নিশ্চিতকরণ

০২. প্রয়োজনবোধে প্রতিষ্ঠানে বিশেষ ক্লাসের ব্যবস্থা করাসহ ঘন-ঘন পরীক্ষা গ্রহণ/মডেল টেষ্টের ব্যবস্থা করা

০৩. শিক্ষার্থীদের দলগত অনুশীলন করা

০৪. স্ব -স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের কয়েকটি দলে ভাগ করে শিক্ষার্থীরা বাসায়/হোষ্টেলে/মেসে পড়ালেখা করছে কিনা তা তদারকি করা

০৫. প্রশ্ন পড়ে প্রশ্নের আলোকে উত্তর দেয়া যায় সে বিষয়ে শিক্ষার্থীদের কৌশল রপ্তকরণ

০৬. বহুনির্বাচনি প্রশ্নের উপরে শ্রেণি পাঠদানের বেশি গুরুত্ব দেয়া এবং বহুনির্বাচনি ও রচনামূলক প্রশ্নপত্র পাঠ্যপুস্তক ভিত্তিক করা

০৭. বিষয়ভিত্তিক টিউটোরিয়াল পরীক্ষা গ্রহণের মাধ্যমে পরীক্ষাভীতি দূর করা

০৮. শিক্ষার্থীদের পরস্পর সহযোগিতার মাধ্যমে ফল ভাল করার প্রচেষ্টা গ্রহণ করা

০৯. অতি দুর্বল শিক্ষার্থীদের পরীক্ষার অনুমতি ফরম পূরণ থেকে বিরত রাখা

১০. সংক্ষিপ্ত সিলেবাস তৈরি করে দুর্বল শিক্ষার্থীদের পাঠদানের ব্যবস্থা করা

১১. শিক্ষার্থীদের ইংরেজি ও গণিত বিষয়ের অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করা

১২. শিক্ষার্থীদের বয়সের দিকে নজর রেখে সহজবোধ্য করে প্রশ্নপত্র প্রণয়ন করা

১৩. নোট ও গাইড বইয়ের পরিবর্তে মূল বই ভালভাবে পড়ার ব্যবস্থা করা

১৪. প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণি শিক্ষক প্রয়োজনবোধে অভিভাবকবৃন্দের সচেতনতার জন্য তিন মাস অন্তর মতবিনিময় করা/বিশেষ করে মা সমাবেশ করা

১৫. শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের পারস্পরিক সম্পর্কের উন্নয়ন করা

১৬. প্রতিটি প্রতিষ্ঠানের ডিজিটাল শিক্ষা উপকরণ(মাল্টিমিডিয়া, প্রজেক্টর) এর ব্যবস্থা করা/সরবরাহ করা

১৭. পরীক্ষা কক্ষে দক্ষ শিক্ষক নিয়োগ ও শিক্ষকদের সহানুভূতিশীল আচরণ নিশ্চিত করা

১৮. সৃজনশীল প্রশ্ন তৈরিতে দক্ষ শিক্ষক তৈরী করার জন্য পর্যাপ্ত ট্রেনিং এর ব্যবস্থা করা, স্ব-স্ব প্রতিষ্ঠান বিষয় ভিত্তিক শ্রেণি শিক্ষকদের দ্বারা প্রশ্ন প্রণয়ন করা এবং প্রণীত প্রশ্ন মানসম্পন্ন কি না তা যাচাইয়ের জন্য কর্তৃত্বমূলক নয় সংশোধনমূলক মনিটরিং ব্যবস্থা করা

১৯. শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক সুস্থতা বিষয়ে পরামর্শ দেয়া

২০. নকল সামাজিক ব্যধি নৈতিক স্খলন সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করা

২১. সম্ভব হলে বিদ্যালয়ে বোর্ডিং এর ব্যবস্থা করে সার্বক্ষণিক শিক্ষকদের তদারকির মাধ্যমে পাঠের অগ্রগতি পর্যালোচনা করা

২২. বিষয়ভিত্তিক যোগ্য শিক্ষকদের পরীক্ষক/প্রধান পরীক্ষক নিয়োগ দিয়ে যৌক্তিকভাবে উত্তরপত্র মূল্যায়ন করা

২৩. তদারকি কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিত প্রতিষ্ঠান পরিদর্শন করা

২৪. প্রতিষ্ঠানসমূহ যোগ্য ম্যানেজিং কমিটি/গর্ভনিং বডি দ্বারা পরিচালনা করা।

১০/০৬/২২
প্রফেসর মো. হাবিবুর রহমান
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন ০৭২১-৭৭৬২৭০(পি এস)
email: chairman@rajshahieducationboard.gov.bd

০৯/৬/২২
মো. আরিফুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন ০৭২১-৭৭৬২৩১
email: controller@rajshahieducationboard.gov.bd